গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৯

বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমের শিক্ষা প্রতিষ্ঠানের প্রস্তুতিমূলক নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে ২০২৪ শিক্ষাবর্ষে সারা দেশের মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে নবম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যে মূল্যায়নের সময়সূচি এবং ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের আওতায় যেসকল অধ্যায় বা শিখন অভিজ্ঞতাসমূহ নেয়া হয়েছে তার একটি বিষয়ভিত্তিক তালিকা আপনাদের দপ্তরের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হয়েছে। আগামী ০৩/০৭/২০২৪ তারিখ থেকে অনুষ্ঠিতব্য ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমের প্রস্তুতির জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের করণীয় সম্পর্কে কিছু নির্দেশনা প্রণয়ন করা হয়েছে। প্রণীত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জরুরিভিত্তিতে প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

১২-০৬-২০২৪
প্রফেসর মোঃ মশিউজ্জামান
সদস্য (শিক্ষাক্রম)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;
৩। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গবেষণা ও উন্নয়ন শাখা
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০১৭.১০.০০৭.২৪-

তারিখ: ১৩ জুন, ২০২৪

উপরিল্লিখিত নির্দেশনার প্রেক্ষিতে ২০২৪ শিক্ষাবর্ষের দাখিল ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমের প্রস্তুতির জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের করণীয় নির্দেশনা (সংযুক্ত) অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানালো হলো।

অধ্যক্ষ/সুপার.....সরকারি/বেসরকারি মাদ্রাসা (সকল)।

১৩.০৬.২০২৪
মুহম্মদ হোসাইন
পরিদর্শক (সহকারী অধ্যাপক)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

বিতরণ:

১। জেলা প্রশাসক... (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার... (সকল)
৩। জেলা অফিসার... (সকল)
৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল)

} তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় নির্দেশনাটি (সংযুক্ত) প্রেরণের অনুরোধসহ

সদয় অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

**২০২৪ শিক্ষাবর্ষের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য সাধারণ নির্দেশনা:**

১. জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে আগামী ০৩/০৭/২০২৪ থেকে ৩০/০৭/২০২৪ পর্যন্ত ২০২৪ শিক্ষাবর্ষের জন্য ষষ্ঠ থেকে নবম ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হতে যাচ্ছে। মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সময়সূচী এবং বিষয়ভিত্তিক সর্বশেষ কোন অভিজ্ঞতা/অধ্যায় পর্যন্ত ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের আওতায় আসবে তা ইতোমধ্যেই প্রেরণ করা হয়েছে।

২. ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম শুরুর পূর্বেই অর্থাৎ আগামী ০৩/০৭/২০২৪ তারিখের মধ্যে সম্পাদিত সকল বিষয়ের শিখন অভিজ্ঞতার পারদর্শিতার নির্দেশকসমূহ নৈপুণ্য অ্যাপে ইনপুট দিতে হবে।

৩. মূল্যায়ন কার্যক্রম চলাকালীন অর্থাৎ ০৩/০৭/২০২৪ থেকে ৩০/০৭/২০২৪ পর্যন্ত নির্দিষ্ট দিবসে মূল্যায়ন কার্যক্রম ব্যতীত ষষ্ঠ থেকে নবম শ্রেণির কোনো শ্রেণি কার্যক্রম পরিচালনা করা যাবে না।

৪. প্রেরিত সময়সূচি অনুসারে নির্ধারিত দিনে একটি বিষয়েরই মূল্যায়ন অনুষ্ঠিত হবে। অর্থাৎ নির্ধারিত বিষয়ের মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত দিনেই শেষ করতে হবে। পূর্বের ন্যায় কোন শ্রেণির একটি বিষয়ের মূল্যায়ন কার্যক্রম একাধিক দিনে সম্পন্ন করা যাবে না।

৫. বিষয়ভিত্তিক মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত দিনে সর্বোচ্চ পাঁচ ঘন্টার মধ্যে সম্পন্ন করতে হবে। তবে মূল্যায়ন কার্যক্রমের উপর নির্ভর করে একটি মধ্যবর্তী বিরতি দেয়া যেতে পারে।

৬. মূল্যায়ন কার্যক্রমে হাতে-কলমে কাজ এবং কার্যক্রমভিত্তিক লিখিত অংশ উভয় ধরনের কার্যক্রম আছে। হাতে-কলমে কাজের জন্য প্রয়োজনীয় উপকরণ এবং লিখিত অংশের জন্য প্রয়োজনীয় খাতা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করতে হবে।

৭. বিষয়ভিত্তিক মূল্যায়নে উপকরণে বৈচিত্র রয়েছে যা বিস্তারিত মূল্যায়ন নির্দেশিকায় উল্লেখ করা থাকবে। মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক উপকরণ সরবরাহের জন্য সাধারণ নির্দেশনাসমূহ নিম্নরুপ:

| ক্রম | মূল্যায়ন কার্যক্রম | উপকরণের উদাহরণ |
|---|---|---|
| ক | হাতে কলমে কাজ | শিক্ষার্থী সংখ্যা বিবেচনায় পোস্টার তৈরির জন্য সাদা/রঙীন কাগজ, সাইন পেন, কাঁচি, আঠা বা গাম ইত্যাদি |
| খ | লিখিত অংশ | ১৬ পাতার খাতা, প্রয়োজনে অতিরিক্ত পাতা সরবরাহ করতে হবে। |
| গ | মূল্যায়ন পত্র | সরবরাহকৃত মূল্যায়ন পত্র থেকে শিক্ষার্থীর নির্দেশনা ও মূল্যায়ন /প্রশ্নপত্র অংশটি ফটোকপি করে সকল শিক্ষার্থীদের সরবরাহ করতে হবে |

৮. উপকরণ সরবরাহের ক্ষেত্রে মনে রাখতে হবে কোন উপকরণই যেন ব্যয়বহুল না হয়। রিসাইকেল, রিউইজ, আপসাইকেল উপকরণ ব্যবহার করতে হবে।

৯. অভিভাবক বা শিক্ষার্থীকে উপকরণ সরবরাহের জন্য কোনো নির্দেশনা প্রদান করা যাবে না।

১০. মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষার্থীদের অভিভাবকের নিকট থেকে সীমিত পরিমাণে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা ফি নেয়া যেতে পারে।

১১. মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য মূল্যায়ন নির্দেশনা মূল্যায়ন কার্যক্রম শুরুর পূর্বের দিন নৈপুণ্য অ্যাপের প্রতিষ্ঠান ড্যাসবোর্ড (master.noipunno.gov.bd) এবং সংশ্লিষ্ট অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে। বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশনা মূল্যায়ন কার্যক্রমের সময়সূচি অনুসারে নির্ধারিত দিনের পূর্বের দিন পাওয়া যাবে।

১২. মূল্যায়ন নির্দেশনায় শিক্ষকের জন্য করণীয়, শিক্ষার্থীদের জন্য করণীয়, মূল্যায়ন পত্র, শিক্ষকের জন্য পর্যবেক্ষণ চেক লিস্ট এবং মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য বিষয়ভিত্তিক উপকরণের বিবরণ থাকবে।

১৩. ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা শেষে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার রেকর্ডের ভিত্তিতে নৈপুন্য অ্যাপে পারদর্শিতার নির্দেশক (পিআই) নির্দিষ্ট সময়ের মধ্যে ইনপুট দিতে হবে।

12/06/2024

Moss Nazma Akhter
Secretary
National Curriculum and Textbook Board
Ministry of Education